দুই টাকা বাংলাদেশ কোর্ট ফি

| অনুলিপির জন্য দরখাস্তের তারিখ | এষ্টিমেট দেওয়ার তারিখ | ষ্ট্যাম্প ফোলিও দাখিলের তারিখ | অনুলিপি প্রস্তুতের তারিখ | অনুলিপি প্রদানের তারিখ |
| --- | --- | --- | --- | --- |
| ১৩/৩/২৩ | ১৩/৩/২৩ | ১৩/৩/২৩ | ১৪/৩/২৩ | ১৪/৩/২৩ |

কোর্ট ফি ....... সঠিক আছে।

(মুহাম্মদ হারুন সরদার
প্রধান তুলনাকারক
১৪/৩/২৩

হাইকোর্ট ফরম নম্বর (জে)১৩

অর্ডার শীটের ফরম

জেলা-ঢাকা।

মোকাম-অতিরিক্ত জেলা ও দায়রা জজ ৮ম আদালত, ঢাকা।

উপস্থিতঃ-সৈয়দা মিনহাজ উম মুনীরা
অতিরিক্ত জেলা জজ
৮ম আদালত, ঢাকা।

মিস আপীল মামলা নং-৩৮/২০২১

আকরাম হোসেন- ------আপীলকারী।

-বনাম-

বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড গং-
-----রেসপনডেন্ট।

ক্রমিক নং-আদেশের তাং-

১১---২২/২/২৩------অদ্য রায় প্রচারের জন্য দিন ধার্য্য আছে।

নথী পেশ করা হলো। নথি রায় ঘোষণার জন্য নেওয়া হলো। রায় প্রস্তুত। প্রকাশ্য আদালতে রায় ঘোষণা করা হলো।

রায়ের মর্ম মতে,

আদেশ হয় যে,

বাংলাদেশ অনুলিপি স্ট্যাম্প

২ টাকা

দুই টাকা



অত্র মিস

অত্র রায়ের অনুলিপি সহ বিচারিক আদালতের নথি সত্তর প্রেরন করা হোক।

প্রচারিত ০৩ (চার) পাতা রায় নথিভুক্ত রাখা হোক।

| | |
|---|---|
| স্বা/-সৈয়দা মিনহাজ উম মুনীরা | স্বা/-সৈয়দা মিনহাজ উম মুনীরা |
| ২২/০২/২০২৩ | ২২/০২/২০২৩ |
| অতিরিক্ত জেলা জজ | অতিরিক্ত জেলা জজ |
| ৮ম আদালত, ঢাকা। | ৮ম আদালত, ঢাকা। |

রুবি আক্তার
অনুলিপিকারক
অনুলিপি বিভাগ
জেলা ও দায়রা জজ আদালত, ঢাকা

তুলনাকৃত
মোঃ ইসমাইল হোসেন
তুলনা সহকারী
অনুলিপি বিভাগ
জেলা ও দায়রা জজ আদালত
ঢাকা।

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

দুই টাকা
বাংলাদেশ কোর্ট ফি

| অনুলিপির জন্য আবেদনের তারিখ | এষ্টিমেট দেওয়ার তারিখ | ষ্ট্যাম্প ফোলিও দাখিলের তারিখ | অনুলিপি প্রস্তুতের তারিখ | অনুলিপি প্রদানের তারিখ |
|---|---|---|---|---|
| ১৩/৩/২৩ | ১০/৩/২৩ | ১০/৩/২৩ | ১৪/৩/২৩ | ১৪/৩/২৩ |

কোর্ট ফি............ সঠিক আছে।
(মুহাম্মদ হারুন সরদার
প্রধান তুলনাকারক
১৪/৩/২৩

হাইকোর্ট বিভাগ ফরম নং (জে) ৩

আপীলের রায়ের শিরোনাম।

জেলা ঃ ঢাকা।

মোকাম ঃ অতিরিক্ত জেলা জজ ৮ম আদালত, ঢাকা।

উপস্থিত ঃ সৈয়দা মিনহাজ উম মুনীরা
অতিরিক্ত জেলা জজ
৮ম আদালত, ঢাকা।

রায় ঘোষনার তারিখঃ ০৯ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ বুধবার
২২ ফেব্রুয়ারী, ২০২৩ খ্রিস্টাব্দ

মিস আপীল নং-৩৮/২০২১

১। আকরাম হোসেন ---------বাদী/আপীলকারী।

-বনাম-

১। বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড

পক্ষে চেয়ারম্যানসহ ০৬ জন- ---------বিবাদী/প্রতিপক্ষ।

উভয় পক্ষ শুনানীতে অনুপস্থিত।

১। জনাব মোঃ মনিরুল ইসলাম-
-----আপীলকারীপক্ষে বিজ্ঞ আইনজীবী।

২। জনাব শেখ মোহাম্মদ জাকির হোসেন-
-----রেসপনডেন্টপক্ষে বিজ্ঞ আইনজীবী।

বাংলাদেশ অনুলিপি ষ্ট্যাম্প
২ টাকা
দুই টাকা



## রায়

বিজ্ঞ যুগ্ম জেলা জজ ৩য় আদালত, ঢাকার দেওয়ানী ৪৮/২০২১ নং মোকদ্দমার ১৬/০২/২০২১ খ্রিঃ তারিখের আদেশ দ্বারা সংক্ষুব্ধ হয়ে আপীলকারী এই মিস আপীল মোকদ্দমাটি দায়ের করেন।

আপীল মেমোর বক্তব্য সংক্ষেপে এই যে, বাদী আপীলকারী পক্ষ বিবাদী প্রতিপক্ষের বিরুদ্ধে মূল মোকদ্দমা দায়ের করে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত দাখিল করলে বিচারিক আদালত তা নামঞ্জুর করেন। বিচারিক আদালতের তর্কিত আদেশের পর্যালোচনা পরস্পর বিরোধী এবং অসামঞ্জস্যপূর্ণ। আপীলকারী বাদী পক্ষ আশংকা করছেন যে, বিবাদী Bangladesh Rural Electrification Board এর অসাধু কর্মকর্তা কর্মচারীদের সৃজিত মতে মোঃ হেমায়েত উদ্দিন নামীয় দরখাস্ত দাখিল করে বাদীর গচ্ছিত ব্যাংক

“দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন”

বাংলাদেশ অনুলিপি ষ্ট্যাম্প
দুই টাকা



গ্যারান্টির টাকা আত্মসাৎ করবেন। প্রকৃত পক্ষে উক্ত মোঃ হেমায়েত উদ্দিনের কোন অস্থিত্ব নাই এবং মোকদ্দমায় বর্ণিত টেন্ডার বা শুল্ক কর্তৃপক্ষের সাথে তার কোন সম্পর্ক নাই। বিচারিক আদালত এই বিষয়টি বিবেচনা না করে তর্কিত আদেশ প্রদান করায় তা রদ রহিত যোগ্য।

<u>বিবেচ্য বিষয়</u>

১। বিজ্ঞ যুগ্ম জেলা জজ ৩য় আদালত, ঢাকার দেওয়ানী ৪৮/২০২১ নং মোকদ্দমার ১৬/০২/২০২১ খ্রীস্টাব্দ তারিখের আদেশ রদ-রহিতযোগ্য কি না?

<u>আলোচনা ও সিদ্ধান্ত</u>

<u>বিবেচ্য বিষয় নং ১</u>

শুনানী কালে উভয় পক্ষ অনুপস্থিত থাকায় গুনাগুনের ভিত্তিতে নিষ্পত্তির জন্য নথি গৃহীত হলো।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

বাংলাদেশ অনুলিপি ষ্ট্যাম্প
২ টাকা
দুই টাকা



বিচারিক আদালতের নথি পর্যালোচনায় দেখা যায়, ৪ নং বিবাদী পক্ষ বাদীর জমাকৃত ব্যাংক গ্যারান্টি বাজেয়াপ্ত করণসহ নগদায়নের যে আদেশ প্রদান করেছেন তা বেআইনী ও অকার্যকর মর্মে ঘোষণার প্রার্থনায় আপীলকারী বাদী পক্ষ মূল মোকদ্দমা দায়ের করেন। মূল মোকদ্দমা দায়ের করে একই বিষয়ে বাদী অস্থায়ী নিষেধাজ্ঞার আবেদন করলে বিচারিক আদালত তা সরাসরি নামঞ্জুর করেন। নথি পর্যালোচনায় দেখা যায়, বিবাদী পক্ষ টেন্ডার আহবান করলে বাদী সর্বনিম্ন দর দাতা হিসাবে কার্যাদেশ প্রাপ্ত হন এবং দরপত্রের শর্ত মতে ব্যাংক গ্যারান্টি বাবদ ৬ নং বিবাদী ব্যাংকে ৩৫ লক্ষ টাকা জমা প্রদান করেন। বাদী পক্ষের দাবী, বাদী পক্ষ টেন্ডারের শর্ত মোতাবেক মালামাল সরবরাহ করা সত্ত্বেও ১-৫ নং বিবাদী ব্যাংক গ্যারান্টি নগদায়নের চেষ্টা করছেন। ফলে বাদী ব্যাংক

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

বাংলাদেশ অনুলিপি স্ট্যাম্প
দুই টাকা



গ্যারান্টি নগদায়ন থেকে ১-৫ নং বিবাদীকে বারিত করার প্রার্থনায় অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত দাখিল করেন।

তর্কিত আদেশ পর্যালোচনায় দেখা যায়, ব্যাংক গ্যারান্টি সংশ্লিষ্ট পক্ষদের মধ্যে পৃথক চুক্তি বিধায় উক্ত চুক্তির কার্যক্রমকে নিষেধাজ্ঞার আদেশ দ্বারা বারিত করার আইনগত সুযোগ না থাকায় বিচারিক আদালত বাদীর অস্থায়ী নিষেধাজ্ঞার আবেদন নামঞ্জুর করেন।

স্বীকৃত মতেই, বাদী ৬ নং বিবাদী অর্থাৎ Export Import Bank limited মতিঝিল শাখায় ১-৫ নং বিবাদী পক্ষের দরপত্র গ্রহীতা হিসাবে ব্যাংক গ্যারান্টি বাবদ ৩৫ লক্ষ টাকা জমা রাখেন। উল্লেখিত ব্যাংক গ্যারান্টি মূলত সংশ্লিষ্ট ব্যাংকের সাথে ১-৫ নং বিবাদীর একটি চুক্তি যা ব্যাংক ১-৫ নং বিবাদীর চাহিদা মোতাবেক প্রদান করতে বাধ্য। এর ফলে বাদী কোন ভাবে ক্ষতিগ্রস্থ হলে সে

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

বাংলাদেশ অনুলিপি ষ্ট্যাম্প
দুই টাকা



১-৫ নং বিবাদীর কাছ থেকে ব্যাংক গ্যারান্টি বাবদ প্রদেয় টাকা ক্ষতিপূরণসহ আদায়ে অধিকারী। কিন্তু আন্তর্জাতিক বাণিজ্যের নিয়ম অনুযায়ী এল.সি এবং ব্যাংক গ্যারান্টির উপরে কোন প্রকার নিষেধাজ্ঞা আরোপ করার আইনগত সুযোগ নাই। এই বিষয়টি উচ্চ আদালতের একাধিক সিদ্ধান্ত দ্বারাও প্রতিষ্ঠিত। ফলে বিচারিক আদালত সঠিক ভাবেই বাদীর অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত নামঞ্জুর করেছেন। বিবেচ্য বিষয় আপীলকারীর প্রতিকূলে নিষ্পত্তি করা হলো।

অতএব, আদেশ হয় যে,

এই মিস আপীলটি গুনাগুনের ভিত্তিতে নামঞ্জুর করা হলো। বিজ্ঞ যুগ্ম জেলা জজ ৩য় আদালত ঢাকার দেওয়ানী ৪৮/২০২১ নং মোকদ্দমার ১৬/০২/২০২১ খ্রীস্টাব্দ তারিখের আদেশ বহাল রাখা হলো।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

অত্র রায়ের অনুলিপি সহ বিচারিক আদালতের নথি সত্ত্বর প্রেরন করা হোক।

আমার কথা মতে লিখিত ও সংশোধিত।

| | |
|---|---|
| স্বা/-সৈয়দা মিনহাজ উম মুনীরা<br>২২/০২/২০২৩<br>অতিরিক্ত জেলা জজ<br>৮ম আদালত, ঢাকা। | স্বা/-সৈয়দা মিনহাজ উম মুনীরা<br>২২/০২/২০২৩<br>অতিরিক্ত জেলা জজ<br>৮ম আদালত, ঢাকা। |

রুবি আক্তার
অনুলিপিকারক
অনুলিপি বিভাগ
জেলা ও দায়রা জজ আদালত, ঢাকা

তুলনাকৃত
মোঃ ইসমাইল হোসেন
তুলনা সহকারী
অনুলিপি বিভাগ
জেলা ও দায়রা জজ আদালত
ঢাকা।